স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা

**বিষয়ঃ আসন্ন ঈদ-উল-আযহা ২০১৬ উপলক্ষে মহাসড়কে যাত্রীসাধারণের যাতায়াত নির্বিঘ্ন করার নিমিত্ত আন্ত:মন্ত্রণালয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসংগে।**

সূত্র: সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর স্মারক নং ৩১৩, তারিখ: ১০/০৮/২০১৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ২০১৬ সালের ঈদ-উল-আযহা উপলক্ষে মহাসড়কে যাত্রীসাধারণের চলাচল নির্বিঘ্ন করার লক্ষ্যে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গত ০২/০৮/২০১৬ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণীর কপি এতদসংগে সংযুক্তপূর্বক প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, উক্ত সভার ১, ২, ৩, ৮, ১৩, ৩২(ক), ৩৩ ও ৩৫ নম্বর ক্রমিকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট শাখার আওতাধীন সংস্থাগুলোকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(খলিল আহমদ)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৬২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৫.০০১৬.০১০.১১.০১১.২০১১-১০৩২ তারিখঃ ০৬/০৯/২০১৬

উপর্যুক্ত বিষয়ের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রের ছায়ালিপি নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

০৬/৯/২০১৬
(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০

১. চেয়ারম্যান,.................উপজেলা পরিষদ (সকল)
২. উপজেলা নির্বাহী অফিসার,.....................উপজেলা (সকল)

অনুলিপিঃ

২. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন অধিশাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.০৬.০০৭.১৬-৩১৩ তারিখঃ ১০.০৮.২০১৬

বিষয়ঃ আসন্ন ঈদ-উল-আযহা ২০১৬ উপলক্ষে মহাসড়কে যাত্রিসাধারণের যাতায়াত নির্বিঘ্ন করার নিমিত্ত আন্ত:মন্ত্রণালয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসংগে।

সূত্র: অত্র বিভাগের স্মারক নং-৩৫.০০.০০০০.০২০.০৬.০০৭.১৬-২১৬ তারিখঃ ১৫.০৬.২০১৬।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৬ সালের ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহা উপলক্ষে মহাসড়কে যাত্রিসাধারণের চলাচল নির্বিঘ্ন করার লক্ষ্যে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গত ০২-০৬-২০১৬ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/প্রতিষ্ঠান ও পরিবহন মালিক-শ্রমিক সমিতির সমন্বয়ে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয় (কার্যবিবরণীর ছায়ালিপি সংযুক্ত)। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত সূত্রোক্ত স্মারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছিল।

২। এমতাবস্থায়, গত ০২-০৬-২০১৬ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণীর ১, ২, ৩, ৮, ১৩, ৩২(ক), ৩৩ ও ৩৫ নম্বর ক্রমিকে বর্ণিত গৃহীত সিদ্ধান্তসমূহের পরিপূর্ণ বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর/দক্ষিণ), চট্টগ্রাম সিটি কর্পোরেশন এবং অন্যান্য সিটি কর্পোরেশন, পৌরসভাসমূহ, জেলা পরিষদসমূহ, উপজেলা পরিষদসমূহ, সকল উন্নয়ন কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা ওয়াসা এবং অন্যান্য ওয়াসা কর্তৃপক্ষসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সবিনয়ে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে

(মনীন্দ্র কিশোর মজুমদার)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৬১২২৫

স্থানীয় সরকার বিভাগ
অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) এর দপ্তর

| | |
|---|---|
| ১। যুগ্ম-সচিব (নঃ উঃ-১) | * উপস্থাপন করুন |
| ২। যুগ্ম-সচিব (নঃ উঃ-২) | * প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| ৩। উপ-সচিব (পৌর-১) | * জরুরী ভিত্তিতে পেশ করুন |
| ৪। সহকারী সচিব (পৌর-২) | * আলোচনা করুন |
| ৫। উপ-সচিব (সি.ক.-১) | * সভায় অংশগ্রহণ করুন |
| ৬। উপ-সচিব (সি.ক.-২) | |

ডায়েরি নম্বর: ২০
তারিখ:
স্বাক্ষর

সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি

১। মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

যুগ্ম-সচিব (নঃউঃ-১) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ
স্মারক নং: ৬০৪
তারিখ: ১৭/৮/১৬
স্বাক্ষর
যুগ্ম-সচিব (নগর উন্নয়ন-১)
শাখা ঃ সিটি কঃ ১/২

স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
ডায়েরী নং: ২৪২৬
তারিখ: ১৭/০৮/১৬

অতি জরুরি
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন অধিশাখা
www.rthd.gov.bd

তারিখঃ ১৫.০৬.২০১৬

নং-৩৫.০০.০০০০.০২০.০৬.০০৭.১৬-২১৬

বিষয়ঃ আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহা ২০১৬ উপলক্ষে যাতায়াতকারি যাত্রিসাধারণের যাতায়াত নির্বিঘ্ন করার লক্ষ্যে ০২-০৬-২০১৬ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

পবিত্র ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহা ২০১৬ উপলক্ষে যাতায়াতকারি যাত্রিসাধারণের যাতায়াত নির্বিঘ্ন করার লক্ষ্যে গত ০২-০৬-২০১৬ তারিখ মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী এতদ্‌সংগে প্রেরণ করা হল।

২। কার্যবিবরণীর ১, ২, ৩, ৮, ১৩, ৩২ (ক), ৩৩ ও ৩৫ নম্বর ক্রমিকে গৃহীত সিদ্ধান্তসমূহ জরুরি ভিত্তিতে বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর/দক্ষিণ), চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ এবং অন্যান্য সিটি কর্পোরেশন, পৌরসভাসমূহ, জেলা পরিষদসমূহ, উপজেলা পরিষদসমূহ, উন্নয়ন কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা ওয়াসা এবং অন্যান্য ওয়াসা কর্তৃপক্ষসমূহকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৩। উক্ত সভার কার্যবিবরণী সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইট (www.rthd.gov.bd), Homepage→এ Scrolling আকারে প্রকাশ করা হয়েছে।

সংযুক্তঃ কার্যবিবরণী-১২ (বার) পাতা।

১৫/০৬/১৬
(ড. মোঃ কামরুল আহসান)
উপসচিব
ফোনঃ ৯৫৬১২২৫

সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি

১। মাননীয় স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
২। মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
৩। মাননীয় পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫। মাননীয় মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
৬। মাননীয় মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
৭। মাননীয় মেয়র মহোদয়ের একান্ত সচিব, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন
৮। মাননীয় মেয়র মহোদয়ের একান্ত সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
৯। মাননীয় মেয়র মহোদয়ের একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন

২১. সভায় উপস্থাপিত প্রস্তাবসমূহ বিস্তারিতভাবে আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারি কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | ঢাকা মহানগরীর ক্ষতিগ্রস্ত সড়ক মেরামত ও সংস্কার:<br>(ক) ঢাকা মহানগরীর অভ্যন্তরে অবস্থিত সকল সড়কের ক্ষতিগ্রস্ত এলাকা সংস্কার, মেরামত ও রক্ষণাবেক্ষণ করে যান চলাচলের সম্পূর্ণ উপযোগি রাখার জন্য স্থানীয় সরকার বিভাগকে তদীয় আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/ কর্পোরেশনকে নির্দেশনা প্রদান ও নিশ্চিত করতে অনুরোধ করা হল। ডিটিসিএ স্থানীয় সরকার বিভাগের সাথে এ বিষয়ে সমন্বয় সাধন করবে।<br><br>(খ) ঢাকা মহানগর এলাকায় ঈদের ৭ দিন পূর্বে সকল মেরামত, সংস্কার ও সংরক্ষণ কাজ সম্পন্ন করে যানচলাচলের উপযুক্ত রাখতে অনুরোধ করা হল। ঈদের ৭ দিন পূর্ব হতে সকল উন্নয়ন কর্মকান্ড যা যান চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করে তা বন্ধ রাখতে অনুরোধ করা হল। | স্থানীয় সরকার বিভাগ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ রাজউক/ এলজিইডি/গণপূর্ত অধিদপ্তর/ঢাকা ওয়াসা/ডিটিসিএ |
| ২. | ঢাকা মহানগর ব্যতীত অন্যান্য সকল সিটি কর্পোরেশন ও সকল উন্নয়ন কর্তৃপক্ষের সড়কসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ:<br>ঈদ উপলক্ষে দেশের অন্যান্য সকল সিটি কর্পোরেশন এবং সকল উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন সড়কসমূহ মেরামত, সংস্কার ও সংরক্ষণ করে যান চলাচলের উপযুক্ত রাখতে হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ও গাজীপুর সিটি কর্পোরেশনকে ঈদের ৭(সাত) দিন পূর্বে সড়কসমূহ মেরামত, সংস্কার ও সংরক্ষণ করে যানচলাচলের উপযুক্ত রাখতে অনুরোধ করা হল। এ সকল সিটি কর্পোরেশন এবং ওয়াসা কর্তৃপক্ষকে ঈদের ৭ দিন পূর্ব হতে সকল উন্নয়ন কর্মকান্ড যা যান চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করে তা বন্ধ রাখতে অনুরোধ করা হল। অবিলম্বে কাটা/ক্ষতিগ্রস্ত রাস্তাসমূহ মেরামত এবং স্তুপিকৃত/অব্যবহৃত নির্মাণ সামগ্রি দ্রুত অপসারণ করে যানচলাচলের জন্য সড়ক উপযুক্ত রাখতে হবে। সড়ক ও জনপথ অধিদপ্তরের ক্ষেত্রেও একই নির্দেশনা প্রযোজ্য হবে। | স্থানীয় সরকার বিভাগ/চট্টগ্রাম, নারায়ণগঞ্জ, গাজীপুর সিটি কর্পোরেশন/সকল উন্নয়ন কর্তৃপক্ষ/ সড়ক ও জনপথ অধিদপ্তর/ ওয়াসা কর্তৃপক্ষ (সকল) |
| ৩ | মগবাজার-মৌচাক ফ্লাইওভার নির্মাণকালিন জনদুর্ভোগ লাঘব:<br>মগবাজার-মৌচাক ফ্লাইওভার নির্মাণকালীন সময়ে সৃষ্ট যানজট ও জনদুর্ভোগ লাঘবে প্রয়োজনীয় প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হল। ঈদের আগের ৭(সাত) দিন ও পরের ৩ দিন মগবাজার-মৌচাক ফ্লাইওভারের চলমান উন্নয়ন কাজ জনস্বার্থে বন্ধ রাখতেও অনুরোধ করা হল। এ বিষয়ে ডিটিসিএ সমন্বয় সাধন করবে। | স্থানীয় সরকার বিভাগ/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ডিটিসিএ |

চলমান পাতা-৬

| | | |
|---|---|---|
| ৪ | **মহাসড়ক রক্ষণাবেক্ষণ ও মেরামত:**<br>(ক) মহাসড়কের অবস্থা বর্তমানে ভালো। এতদ্‌সত্ত্বেও কোন মহাসড়ক কোন কারণে যেন ক্ষতিগ্রস্ত না হয় সে জন্য সড়ক ও জনপথ অধিদপ্তর অভ্যন্তরিণ মনিটরিং পদ্ধতিতে পর্যবেক্ষণে রাখবে এবং তাৎক্ষণিক প্রতিকারমূলক ব্যবস্থা বিভাগীয়ভাবে গ্রহণ করবে। উপরন্তু সড়ক ও মহাসড়ক বিভাগের ২৫টি মনিটরিং টিম অব্যাহতভাবে পর্যবেক্ষণ করবে। প্রতিটি সড়ক বিভাগে মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য উপকরণসহ মোবাইল ট্রাক ইউনিট প্রস্তুত রাখতে হবে। পূর্বাঞ্চলে (ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগ) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ ফারুক জলিল (মোবাইল নম্বর-০১৯৭১৭০০৩০৭) এবং পশ্চিমাঞ্চলে (খুল[redacted], বরিশাল, রাজশাহী ও রংপুর বিভাগ) অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ জাহাঙ্গীর আলম, এনডিসি (মোবাইল নম্বর-০১৭২০৪৭৫০৪২) মনিটরিং টিমগুলোর কার্যক্রম তত্ত্বাবধান করবেন।<br>(খ) ঈদের ৭ (সাত) দিন পূর্ব থেকে সকল উন্নয়ন কর্মকান্ড যা যান চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করে তা বন্ধ রাখতে হবে। | অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন)/প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর/ সকল মনিটরিং টীম প্রধান/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সকল জোন/ তত্ত্বধায়ক প্রকৌশলী, সকল সার্কেল/নির্বাহী প্রকৌশলী, সকল সড়ক বিভাগ |
| ৫. | **জাতীয় ও আঞ্চলিক মহাসড়কসমূহ যানজট মুক্ত রাখা:**<br>ঢাকা-চট্টগ্রাম, ঢাকা-ময়মনসিংহ, ঢাকা-টাঙ্গাইল, ঢাকা-মানিকগঞ্জ-পাটুরিয়া-আরিচা, ঢাকা-সিলেট, ঢাকা-মাওয়া ইত্যাদি জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের বিশেষ করে ঘাটের ইন্টার সেকশন, উন্নয়ন কাজ চলমান স্থান, বাসস্ট্যান্ড ও বাজার এলাকার যানজট নিরসনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | বিভাগীয় কমিশনার/ডিআইজি রেঞ্জ/ডিআইজি হাইওয়ে/র‍্যাব/ জেলা প্রশাসক/পুলিশ সুপার/ সড়ক ও জনপথ অধিদপ্তর/ পরিবহন মালিক ও শ্রমিক সমিতি |
| ৬. | **ভিজিলেন্স টিম গঠন এবং ঢাকা মহানগরীতে প্রবেশ ও বহির্গমণ মহাসড়ক যানজটমুক্ত রাখা:**<br>আসন্ন ঈদ উপলক্ষে যাতায়াতকারি বাস যাত্রিদের নিকট থেকে সরকার কর্তৃক অনুমোদিত ভাড়ার অতিরিক্ত ভাড়া দাবী/আদায় করা যাবে না। ধারণ ক্ষমতার অতিরিক্ত যাত্রি/মালামাল বহন করা যাবে না। সায়েদাবাদ বাস টার্মিনাল, মহাখালী বাস টার্মিনাল, গাবতলী বাস টার্মিনাল এবং ঢাকার বিভিন্ন স্থান হতে ছেড়ে যাওয়া ও আগত গাড়ীগুলো যাতে যানজট ব্যতিত ঢাকা মহানগরীতে প্রবেশ ও বাহির হতে পারে তা নিশ্চিত করতে হবে। উল্লিখিত বিষয়গুলো নিশ্চিত করে যাত্রিদের যাতায়াত নির্বিঘ্ন করার নিমিত্ত অন্যান্য বছরের ন্যায় ঢাকা মহানগরীর সায়েদাবাদ, মহাখালী ও গাবতলী বাস টার্মিনালের জন্য আন্তঃসংস্থা সমন্বয়ে পৃথক ৩টি ভিজিলেন্স টিম গঠন করতে হবে। ভিজিলেন্স টিম প্রতিটি বাস টার্মিনালে ব্যানার সম্বলিত একটি কক্ষে সার্বক্ষণিক অবস্থান করবে। বিআরটিএ ভিজিলেন্স টিম গঠন ও এতদসংক্রান্ত সংশ্লিষ্ট সকল কার্যক্রমের সমন্বয় সাধন করবে। বিভাগীয় শহর ও পুরাতন জেলা শহরেও অনুরূপ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | বিআরটিএ/ডিএমপি/ মালিক ও শ্রমিক সমিতি |

চলমান পাতা-৭

| | | |
|---|---|---|
| ৭. | দুর্ঘটনার কারণে হঠাৎ যানজট সৃষ্টিরোধে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ:<br>দুর্ঘটনাজনিত পরিস্থিতিতে হঠাৎ যানজট সৃষ্টি হলে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে সৃষ্ট যানজট নিরসনে দুর্ঘটনা কবলিত গাড়ি অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে দুর্ঘটনা কবলিত যানবাহন দূরে না নিয়ে পার্শ্ববর্তি খালি জায়গায় সরিয়ে রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় কমিশনার/রেঞ্জ ডিআইজি/ হাইওয়ে রেঞ্জ/র‌্যাব/ সড়ক ও জনপথ অধিদপ্তর/জেলা প্রশাসক/পুলিশ সুপার |
| ৮. | অস্থায়ী/ভাসমান বাজার অপসারণ:<br>যানজটমুক্ত যানবাহন চলাচলের সুবিধার্থে ঢাকা/চট্টগ্রাম/ নারায়ণগঞ্জ/গাজীপুর মহানগরী এলাকার সড়ক এবং জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের উভয় পার্শ্বের অস্থায়ী/ভাসমান বাজার অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে নিরবচ্ছিন্নভাবে অভিযান পরিচালনা করতে হবে। | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ চট্টগ্রাম সিটি কর্পোরেশন/ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন/ গাজীপুর সিটি কর্পোরেশন/ বিভাগীয় কমিশনার/রেঞ্জ ডিআইজি/ডিআইজি হাইওয়ে রেঞ্জ/জেলা প্রশাসক/পুলিশ সুপার/ সড়ক ও জনপথ অধিদপ্তর |
| ৯. | মহাসড়কের অপব্যবহার বন্ধ করা:<br>মহাসড়কের উপর ধান, পাট, খড়, কাঠ ইত্যাদি শুকাতে দেয়া যাবে না। স'মিলের কাঠ ও নির্মাণ সামগ্রি মহাসড়কে রাখা যাবে না। | রেঞ্জ ডিআইজি/হাইওয়ে পুলিশ/ জেলা প্রশাসক/পুলিশ সুপার/ সড়ক ও জনপথ অধিদপ্তর |
| ১০. | বিকল্প সড়ক ব্যবহার:<br>ঢাকা মহানগরীতে প্রবেশের ও বহির্গমনের মূল সড়কগুলোতে যানবাহনের চাপ কমানোর লক্ষ্যে ছোট যানবাহনকে বিকল্প মহাসড়ক ব্যবহার করার জন্য বিজ্ঞপ্তি দিয়ে অনুরোধ করতে হবে।<br>**বিআরটিএ বিকল্প সড়ক ব্যবহার সম্পর্কে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় বিজ্ঞপ্তি প্রকাশ করবে।** | বিআরটিএ/ ডিএমপি/ হাইওয়ে পুলিশ/ জেলা প্রশাসক/ পুলিশ সুপার/ সড়ক ও জনপথ অধিদপ্তর/ মালিক ও শ্রমিক সমিতি |
| ১১. | আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ:<br>(ক) আসন্ন ঈদ উপলক্ষে বাস টার্মিনাল ও মহাসড়কে চাঁদাবাজি বন্ধের প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। একই সাথে ঘরে ফেরা মানুষের যাতায়াত নির্বিঘ্ন করার জন্য মহসড়কপথে চুরি, ডাকাতি, ছিনতাই, পকেটমার, মলম পার্টি, অজ্ঞান পার্টির দৌরাত্ম্য রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। গুরুত্বপূর্ণ স্পটসমূহে সাদা পোষাকে পুলিশ মোতায়েন করতে হবে। রেলপথেও অনুরূপ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।<br>(খ) নৌ-পথে অনুরূপ অপরাধ রোধে কোস্ট গার্ড/নৌ-পুলিশ মোতায়েন করতে হবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ মহাপুলিশ পরিদর্শক/ বিভাগীয় কমিশনার/ রেঞ্জ ডিআইজি/ হাইওয়ে পুলিশ/ র‌্যাব/জেলা প্রশাসক/পুলিশ সুপার/ বাংলাদেশ বাস মালিক ও শ্রমিক সমিতি<br><br>স্বরাষ্ট্র মন্ত্রণালয়/কোস্ট গার্ড/ নৌ-পুলিশ |
| ১২. | মহাসড়কে লক্কড়-ঝক্কড় গাড়ী চলাচল নিয়ন্ত্রণ ও মোবাইল কোর্ট পরিচালনা:<br>আসন্ন ঈদ উপলক্ষে দূরপাল্লার যানবাহনের স্বল্পতার সুযোগে লক্কড়-ঝক্কড় গাড়ী যাতে মহাসড়কে দূরপাল্লায় চলাচল করতে না পারে তা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে এ সকল গাড়ী অফরোড করে দিতে হবে। দ্বিতীয়বার মহাসড়কে পাওয়া গেলে ডাম্পিং ষ্টেশনে প্রেরণ করতে হবে। লক্কড়-ঝক্কড় গাড়ী দূরপাল্লায় চলাচল বন্ধে কঠোরভাবে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | বিভাগীয় কমিশনার/রেঞ্জ ডিআইজি/হাইওয়ে পুলিশ/ বিআরটিএ/ জেলা প্রশাসক/ পুলিশ সুপার/বাস মালিক ও শ্রমিক সমিতি |

চলমান পাতা-৮

| | | |
|---|---|---|
| ১৩. | **ঢাকা শহরে যত্রতত্র গাড়ী পার্কিং এবং যাত্রী উঠানামা বন্ধ করা:**<br>আসন্ন ঈদ উপলক্ষে যান চলাচল স্বাভাবিক করার লক্ষ্যে ঢাকা মহানগরীতে যত্রতত্র গাড়ী পার্কিং করতে দেয়া যাবে না। যত্রতত্র পার্কিং বন্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ডিএমপি/ বিআরটিএ/ র‍্যাব/ সিটি কর্পোরেশন(উত্তর/দক্ষিণ)/ রাজউক |
| ১৪. | **নসিমন, করিমন, ইজিবাইক জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে চলাচল বন্ধ নিশ্চিত করা:**<br>সরকারি সিদ্ধান্ত অনুযায়ি জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে নসিমন, করিমন, ভটভটি, ইজিবাইক, মাহিন্দ্র ইত্যাদি চলাচল নিষিদ্ধ আছে। জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে নসিমন, করিমন, ভটভটি, ইজিবাইক, মাহিন্দ্র ইত্যাদির চলাচল বন্ধ নিশ্চিত করতে হবে। এ বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | বিভাগীয় কমিশনার/রেঞ্জ ডিআইজি/ হাইওয়ে পুলিশ/ বিআরটিএ/জেলা প্রশাসক/ পুলিশ সুপার/মালিক ও শ্রমিক সমিতি |
| ১৫. | **বঙ্গবন্ধু সেতুসহ সকল টোল প্লাজার সকল বুথ চালু রাখা:**<br>ঈদের সময় যাতে যানজট এবং জনদুর্ভোগ সৃষ্টি না হয় সেজন্য বঙ্গবন্ধু সেতু, মেঘনা সেতু ও গোমতি সেতুসহ সকল গুরুত্বপূর্ণ সেতুর সকল টোল বুথ ২৪ ঘন্টা চালু রাখতে হবে। | সেতু বিভাগ/সড়ক ও জনপথ অধিদপ্তর/টোল প্লাজা কর্তৃপক্ষ |
| ১৬. | **সিএনজি স্টেশন সার্বক্ষণিক চালু রাখা:**<br>আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে সিএনজি স্টেশনগুলো ১ জুলাই হতে ১০ জুলাই ২০১৬ সময়ে মোট ১০ (দশ) দিন ২৪ ঘন্টা খোলা রাখতে হবে। ঈদ-উল-আযহা উপলক্ষেও অনুরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| ১৭. | **জরুরি সার্ভিসসমূহ প্রস্তুত রাখা:**<br>জরুরি সার্ভিস বিশেষ করে গ্যাস, বিদ্যুৎ, টেলিফোন, ফায়ার সার্ভিস এবং এম্বুলেন্স ইত্যাদি সংস্থার অফিসের কর্মকর্তা/কর্মচারীগণকে যাতে জরুরী প্রয়োজনে পাওয়া যায় সে বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে। | বিদ্যুৎ বিভাগ/স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/ ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়/ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসক |
| ১৮. | **ফেরীর সংখ্যা বৃদ্ধি:**<br>আসন্ন ঈদ উপলক্ষে ফেরীঘাটে গাড়ী পারাপার নির্বিঘ্ন করার জন্য পর্যাপ্ত সংখ্যক যান্ত্রিক ত্রুটিমুক্ত ফেরীর চলাচল নিশ্চিত করতে হবে। কোন স্থানের ফেরী নেটওয়ার্কের বিপর্যয় ঘটলে সেখানে যাতে ফেরী সরবরাহ করা যায় সে জন্য অতিরিক্ত ফেরীর মজুদ রাখতে হবে। | বিআইডব্লিউটিএ/সওজ অধিদপ্তর/ বিআইডব্লিউটিসি/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), সড়ক ও জনপথ অধিদপ্তর |
| ১৯. | **বিআরটিসি'র স্পেশাল ঈদ সার্ভিস:**<br>আসন্ন ঈদ উপলক্ষে যাত্রিসাধারণের চলাচলের সুবিধার্থে বিআরটিসি রিজার্ভ এবং সিটি সার্ভিসের প্রয়োজন হবে না এমন অতিরিক্ত গাড়ি দিয়ে ঈদের আগে এবং ঈদের পরে ঢাকা মহানগরী থেকে প্রত্যেকটি জেলা শহর ও গুরুত্বপূর্ণ স্থানে স্পেশাল ঈদ সার্ভিস পরিচালনা করবে। বিষয়টি বিজ্ঞপ্তি দ্বারা জনসাধারণকে অবহিত করতে হবে। | বিআরটিসি |
| ২০. | **স্পেশাল ট্রেন সার্ভিস চালু:**<br>আসন্ন ঈদ উপলক্ষে রেলপথ মন্ত্রণালয়কে প্রধান প্রধান রুটে প্রতি বছরের ন্যায় এবারও স্পেশাল ট্রেন সার্ভিস চালু করার অনুরোধ করা হল। | রেলপথ মন্ত্রণালয় |

চলমান পাতা-৯

| | | |
|---|---|---|
| ২১. | **স্পেশাল লঞ্চ সার্ভিস চালু:**<br>আসন্ন ঈদ উপলক্ষে নৌ-পরিবহন মন্ত্রণালয়কে প্রধান প্রধান রুটে প্রতি বছরের ন্যায় স্পেশাল লঞ্চ সার্ভিস চালু করার অনুরোধ করা হল। | নৌ-পরিবহন মন্ত্রণালয় |
| ২২. | **বিনা প্রয়োজনে মহাসড়কে যানবাহন থামানো বন্ধ করা:**<br>যানজট নিরসনে ঈদের পূর্বের ১০ (দশ) দিন সড়কপথে যাতায়াতকারি যানবাহন সুনির্দিষ্ট পূর্ব তথ্য ব্যতিত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক সড়কের উপর থামানো যাবে না। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ মহাপুলিশ পরিদর্শক/ ডিআইজি রেঞ্জ/ হাইওয়ে পুলিশ/ পুলিশ সুপার/ র‍্যাব |
| ২৩. | **নির্দিষ্ট সময়কালের জন্য ট্রাক, লরি ও কাভার্ড ভ্যান চলাচল বন্ধ রাখা:**<br>জনস্বার্থ বিবেচনায় ও যানজট নিরসনে পবিত্র ঈদের আগের ৩ (তিন) দিন ও পরের ৩ (তিন) দিন সকল মহাসড়কে ট্রাক, কাভার্ড ভ্যান ও লরী চলাচল বন্ধ থাকবে। তবে নিত্য প্রয়োজনীয় খাদ্য-দ্রব্য, পঁচনশীল দ্রব্য, গার্মেন্টস সামগ্রী, ঔষধ, কাঁচা চামড়া এবং জ্বালানি বহনকারি যানবাহনসমূহ এর আওতামুক্ত থাকবে। বিষয়টি বিআরটিএ বিজ্ঞপ্তির মাধ্যমে সকলকে অবহিত করবে। | বিআরটিএ/ হাইওয়ে পুলিশ/ ডিআইজি রেঞ্জ/জেলা প্রশাসক/ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ/ পুলিশ সুপার/ সড়ক ও জনপথ অধিদপ্তর/ পরিবহন মালিক ও শ্রমিক সমিতি |
| ২৪. | **গার্মেন্টসগুলোতে ভিন্ন ভিন্ন দিনে ছুটি প্রদান ও ভিন্ন ভিন্ন দিনে কর্মস্থলে প্রত্যাবর্তনের ব্যবস্থা রাখা:**<br>ঈদ উপলক্ষে একই সময়ে সড়ক, রেল ও নৌ-পথে যাত্রিদের অত্যধিক চাপ কমানোর লক্ষ্যে গার্মেন্টস কর্তৃপক্ষকে ভিন্ন ভিন্ন দিনে ছুটি প্রদান করতে এবং ভিন্ন ভিন্ন দিনে কর্মস্থলে যোগদানের ব্যবস্থা প্রবর্তন করতে অনুরোধ করা হল। এ বিষয়ে এফবিসিসিআই, বিজিএমইএ ও বিকেএমইএ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | এফবিসিসিআই/বিজিএমইএ/ বিকেএমইএ |
| ২৫. | **দুর্ঘটনায় পতিত গাড়ি দ্রুত অপসারণের জন্য প্রয়োজনীয় সংখ্যক রেকার ও ক্রেন প্রস্তুত রাখা:**<br>সম্ভাব্য যানজট নিরসন এবং দুর্ঘটনা কবলিত গাড়ি অপসারণের জন্য বঙ্গবন্ধু সেতু, মেঘনা সেতু ও গোমতি সেতুসহ দুর্ঘটনাপ্রবন স্থানে প্রয়োজনীয় সংখ্যক রেকার ও ক্রেন প্রস্তুত রাখতে হবে। | রেঞ্জ ডিআইজি/ডিআইজি হাইওয়ে/ সড়ক ও জনপথ অধিদপ্তর/জেলা প্রশাসক/পুলিশ সুপার |
| ২৬. | **নদীর নাব্যতা বা অতি স্রোতের কারণে নৌ-পথে হঠাৎ ফেরী সার্ভিস বন্ধরোধে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ:**<br>নদীর নাব্যতা স্বল্পতা বা অতি স্রোতের কারণে হঠাৎ ফেরী সার্ভিস বন্ধ হয়ে গেলে কেন্দ্রিয় কন্ট্রোল রুমসহ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াকে তাৎক্ষণিকভাবে পরিস্থিতি অবহিত করতে হবে। আসন্ন ঈদ ২০১৬ উপলক্ষে যাতে ফেরী সার্ভিস বন্ধ হয়ে না যায় সেজন্য এখনই সকল প্রস্তুতি ও প্রতিকারমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। | নৌ-পরিবহন মন্ত্রণালয়/ সড়ক ও জনপথ অধিদপ্তর/ কেন্দ্রিয় নিয়ন্ত্রণ কক্ষ |
| ২৭. | রেলপথে রেল (প্যাসেঞ্জার ও কার্গো) লাইনচ্যুতি:<br>হঠাৎ কোন ট্রেন দুর্ঘটনায় পতিত হলে বা লাইনচ্যুত হলে ন্যূনতম সময়ের মধ্যে ট্রেন চলাচল পুনর্বহালের পূর্ব প্রস্তুতি রাখতে হবে এবং উদ্ভুত পরিস্থিতি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াকে তাৎক্ষণিক অবহিত করতে হবে। এরূপ ক্ষেত্রে সম্ভাব্য বিকল্প রুটে ট্রেন চলাচল অব্যাহত রাখার প্রচেষ্টা গ্রহণ করতে হবে। | রেলপথ মন্ত্রণালয়/কেন্দ্রিয় নিয়ন্ত্রণ কক্ষ |

চলমান পাতা-১০

| | | |
|---|---|---|
| ২৮. | **মহাসড়ক, রেল ও নৌ-পথে বড় ধরণের দুর্ঘটনা মোকাবেলায় হেলিকপ্টার ব্যবহার করা:**<br>মহাসড়ক, রেল ও নৌ-পথে আকস্মিক বড় দুর্ঘটনা মোকাবেলার জন্য যথোপযুক্ত পূর্ব প্রস্তুতি রাখতে হবে। এজন্য পূর্ব হতে উদ্ধার ও চিকিৎসা সামগ্রি এবং অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রপাতি মজুদ রাখতে হবে। দুর্ঘটনার অব্যবহিত পরেই যাতে উদ্ধার কাজ শুরু করা যায় সেজন্য যথাযথ প্রস্তুতি থাকতে হবে। বড় ধরণের দুর্ঘটনায় প্রাণ রক্ষার্থে হেলিকপ্টার সহায়তা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/ রেলপথ মন্ত্রণালয়/ নৌ পরিবহন মন্ত্রণালয়/ বাংলাদেশ পুলিশ/ বাংলাদেশ সেনাবাহিনী/ বাংলাদেশ বিমান বাহিনী/র‍্যাব |
| ২৯. | **টয়লেট ব্যবহারের উপযোগী রাখা:**<br>ক) অপ্রত্যাশিত যানজটকালীন সময়ে মহিলা ও শিশুদের ব্যবহারের সুবিধার্থে মহাসড়কের পার্শ্বে অবস্থিত পেট্রোল পাম্প, সিএনজি স্টেশন, হাইওয়ে রেষ্টুরেন্ট, ডাকবাংলো এবং শিক্ষা প্রতিষ্ঠানের টয়লেটগুলো ব্যবহারের উপযোগি রাখতে হবে। | শিক্ষা মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর/বিভাগীয় কমিশনার/রেঞ্জ ডিআইজি/ হাইওয়ে পুলিশ/জেলা প্রশাসক/ পুলিশ সুপার/ সড়ক ও জনপথ অধিদপ্তর |
| | খ) মাওয়া, কাওড়াকান্দি, দৌলতদিয়া, পাটুরিয়াসহ সকল ফেরী ও লঞ্চঘাটে মহিলা ও শিশুদের জন্য টয়লেট সুবিধা প্রদানের ব্যবস্থা করতে হবে। | নৌ-পরিবহন মন্ত্রণালয়/সড়ক ও জনপথ অধিদপ্তর |
| ৩০. | **সড়ক দুর্ঘটনা রোধে সতর্কতাঃ**<br>ঈদ উপলক্ষে বিভিন্নমূখী চাহিদা এবং জনগণের অধিক মাত্রায় চলাচলের জন্য মহাসড়কে মোটরযানের সংখ্যা বৃদ্ধি পায়। অনেকক্ষেত্রে লং রুটে চলাচলের অভিজ্ঞতা নেই এমন গাড়িচালকও ঈদের সময় লং রুটে গাড়ি চালিয়ে দুর্ঘটনা ও যানজট সৃষ্টি করছেন। অনেক সময় ফাঁকা রাস্তায় অত্যধিক গতিতে চালক গাড়ি চালাতে গিয়ে দুর্ঘটনায় পড়ছেন। লক্কড়-ঝক্কড় গাড়িও লং রুটে এসে হঠাৎ বন্ধ হয়ে যানজট সৃষ্টি করছে।এ বিষয়গুলো পরিহার করা গেলে জানমালের ক্ষয়ক্ষতি বহুলাংশে হ্রাস করা সম্ভব হবে। এ বিষয়গুলো নিয়ন্ত্রণে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় কমিশনার/বিআরটিএ/রেঞ্জ ডিআইজি/ডিআইজি হাইওয়ে পুলিশ/জেলা প্রশাসক/পুলিশ সুপার/পরিবহন মালিক ও শ্রমিক সমিতি |
| ৩১. | **সড়ক নিরাপত্তা বিধানে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ:**<br>মহাসড়ক, নৌ এবং রেলপথে দুর্ঘটনা রোধে এখন থেকেই প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় গণসচেতনতামূলক কার্যক্রম প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল। একইসাথে বাসস্ট্যান্ড, লঞ্চঘাট ও রেলওয়ে স্টেশনে গণসচেতনতামূলক কার্যক্রম চালাতে হবে। | তথ্য মন্ত্রণালয়/রেলপথ মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ /নৌ-পরিবহন মন্ত্রণালয়/ মহাপুলিশ পরিদর্শক/ বিআরটিএ |
| ৩২. | **জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের উপর ও পার্শ্বে গরুর হাট বসানোর জন্য ইজারা প্রদান না করা:**<br>(ক) ঈদ-উল-আযহা ২০১৬ উপলক্ষে কোন অবস্থাতেই জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের উপর ও পার্শ্বের স্থান গরুর হাট বসানোর জন্য ইজারা প্রদান করা যাবে না। ঢাকা শহরের প্রবেশ ও নির্গমণ মুখ বাধাগ্রস্ত হয় এমন কোন স্থানেও গরুর হাট বসানোর জন্য ইজারা প্রদান করা যাবে না। মহানগরী ও পৌর এলাকার যে সব স্থানে গরুর হাট বসবে সে সব স্থানে সড়কের পার্শ্বে এমনভাবে বেড়া দিতে হবে যাতে হাটের বিস্তৃতি সড়কের উপর এসে যান চলাচলে বিঘ্ন সৃষ্টি না করে। | স্থানীয় সরকার বিভাগ/সকল সিটি কর্পোরেশন/সকল পৌরসভা/সকল জেলা পরিষদ/সকল উপজেলা পরিষদ/বিভাগীয় কমিশনার/রেঞ্জ ডিআইজি/হাইওয়ে পুলিশ/র‍্যাব/ জেলা প্রশাসক/পুলিশ সুপার |

চলমান পাতা-১১

| | | |
|---|---|---|
| | (খ) ফরিদপুর জেলার ভাংগা উপজেলার মালিগ্রাম কোরবানীর পশুর হাট পার্শ্ববর্তী নির্মাণাধীন বাসস্ট্যান্ডে স্থানান্তর করতে হবে। | জেলা প্রশাসক, ফরিদপুর/পুলিশ সুপার, ফরিদপুর |
| ৩৩. | **আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষে দনিয়া এবং টঙ্গী এস্তেমা মহাসড়কে কোরবানীর পশুর হাট না বসানো:**<br>বিগত ঈদ-উল-আযহার সময় ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ প্রবেশমুখ যাত্রাবাড়ী-কাঁচপুর মহাসড়কের সন্নিকটে দনিয়ায় কোরবানীর পশুর হাট বসানো হয়। এছাড়া, টঙ্গী-জয়দেবপুর মহাসড়কাংশের টঙ্গী ইজতেমা মহাসড়কের মুখে কোরবানীর পশুর হাট বসানো হয়। ফলে সকল শ্রেণির ঘরমুখো মানুষ সীমাহীন দুর্ভোগের সম্মুখীন হয়েছেন। মহাসড়কে যানজটের কারণে সৃষ্ট দুর্ভোগের বিষয়টি বিবেচনায় রেখে ঈদ-উল-আযহার সময় ভবিষ্যতে দনিয়ায় এবং টঙ্গী ইজতেমা মহাসড়কের মুখে কোরবানীর পশুর হাট না বসানোর জন্য জেলা প্রশাসক, ঢাকা/ জেলা প্রশাসক, গাজীপুর এবং মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশনকে অনুরোধ করা হল। ঈদ-উল-আযহা, ২০১৬ উপলক্ষে দনিয়া এবং ইজতেমা মহাসড়কে (কামারপাড়া) কোরবানীর পশুর হাট না বসানোর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে লিখিত পত্রও দিতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/স্থানীয় সরকার বিভাগ/ জেলা প্রশাসক, ঢাকা/ জেলা প্রশাসক, গাজীপুর/ মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন/ সড়ক ও জনপথ অধিদপ্তর |
| ৩৪. | **কোরবানীর পশু পরিবহন ও বাজারজাতকরণে চাঁদাবাজি বন্ধ:**<br>কোরবানীর পশু পরিবহন ও বাজারজাতকরণের সময় যাতে কেউ চাঁদাবাজি করতে না পারে এজন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা যথাযথভাবে গ্রহণ করতে হবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ বিভাগীয় কমিশনার/ পুলিশ কমিশনার/ রেঞ্জ ডিআইজি/ হাইওয়ে পুলিশ/ র‍্যাব/ জেলা প্রশাসক/ পুলিশ সুপার |
| ৩৫. | **কোরবানীর পশুর বর্জ্য সড়কের উপর বা পার্শ্বে না ফেলা:**<br>কোরবানীর পশুর বর্জ্য যাতে মহাসড়ক বা সড়কের উপর অথবা পার্শ্বে না ফেলে নির্দিষ্ট স্থানে ফেলা হয় সে জন্য স্থানীয় সরকার বিভাগ হতে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে অনুরোধ করা হল। সিটি কর্পোরেশনসমূহের ও পৌরসভাগুলোর কোরবানীর পশুর বর্জ্য অপসারণে দ্রুত ব্যবস্থা থাকতে হবে। | স্থানীয় সরকার বিভাগ/সিটি কর্পোরেশনসমূহ/পৌরসভাসমূহ/ পুলিশ কমিশনারগণ/জেলা প্রশাসক/পুলিশ সুপার |
| ৩৬. | **কেন্দ্রিয় কন্ট্রোল রুম:**<br>আসন্ন ঈদ-উল-ফিতর ২০১৬ উপলক্ষে সড়কপথে যাতায়াত নির্বিঘ্ন করার লক্ষ্যে বিআরটিএ'র সদর কার্যালয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বিআরটিএ, বিআরটিসি এবং সড়ক ও জনপথ অধিদপ্তর এর কর্মকর্তাদের সমন্বয়ে ঈদের ৩ (তিন) দিন পূর্ব হতে ঈদের পরের ৩ (তিন) দিন পর্যন্ত একটি কেন্দ্রিয় নিয়ন্ত্রণ কক্ষ খোলা হবে। নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নম্বর ৯১৩০৬৬২ ও মোবাইল নম্বর ০১৯৬৬৬২২০১৯। জনাব মোঃ আব্দুল মালেক, যুগ্মসচিব (এস্টেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় ফোকাল পারসন হিসেবে কেন্দ্রিয় নিয়ন্ত্রণ কক্ষের সার্বিক দায়িত্বে থাকবেন। তাঁর মোবাইল নম্বর ০১৭৩০৭৮২৯৪৬। অধিদপ্তর/ কর্তৃপক্ষ/সংস্থা স্ব স্ব ফোকাল পয়েন্ট নির্ধারণ করে সড়ক পরিববহন ও মহাসড়ক বিভাগ ও ফোকাল পারসনকে অবহিত করবে। অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক স্থাপিত নিয়ন্ত্রণ কক্ষগুলোর সাথে এ নিয়ন্ত্রণ কক্ষ সমন্বয় সাধন করে দায়িত্ব পালন করবে। উপরন্তু প্রতিদিন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের একজন যুগ্মসচিব বা তদুর্ধ কর্মকর্তা নিয়ন্ত্রণ কক্ষে ন্যূনতম ৪ ঘন্টা অবস্থান করে সার্বিক পরিস্থিতি তত্ত্বাবধান করবেন। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/বিআরটিএ/বিআরটিসি/ সড়ক ও জনপথ অধিদপ্তর/ ডিটিসিএ |

চলমান পাতা-১২

২২. সভাপতি উক্ত ঈদ ২০১৬ উপলক্ষে ঘরমুখো মানুষের যাতায়াত নির্বিঘ্ন করার নিমিত্ত গৃহিত সিদ্ধান্তসমূহ যথাযথ ও আন্তরিকতার সাথে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/কর্পোরেশন/কর্তৃপক্ষ/সমিতিকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষর/-
তারিখ ০৯-০৬-২০১৬
(ওবায়দুল কাদের এমপি)
মন্ত্রী
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়